গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
www.unionfisheries.gov.bd

পত্র নং-৩৩.০২.০০০০.৯০৭.১০.০০২.১৫-২২০৪ তারিখ: ১৯/১২/২০১৬ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আওতায় মৎস্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়), এর অধীনে নিম্নলিখিত শূণ্য পদসমূহে কেবল প্রকল্প মেয়াদকালীন (মার্চ/২০১৫ হতে জুন/২০২০ সাল পর্যন্ত) সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে সরকার নির্ধারিত সাকুল্যে বেতনে নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	বেতন গ্রেড ও বেতন স্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সব জেলার বাসিন্দাগণ আবেদন করতে পারবেন
১	২	৩	৪	৫	৬
০১।	ক্ষেত্র সহকারী	গ্রেড-১৬ ৯,৩০০-১৭,০৪৫/-	৪৯	১. প্রার্থীকে যে কোন শিক্ষা বোর্ড হতে জীববিজ্ঞানসহ বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক পাস হতে হবে। ২. মৎস্য বিজ্ঞানে ৪ বছরের ডিপ্লোমা ডিগ্রি ধারীদের অগ্রাধিকার দেয়া হবে। ৩. মৎস্য অধিদপ্তরীয় সমাপ্ত প্রকল্পের অভিজ্ঞ প্রার্থীদের বেলায় বয়স শিথিলযোগ্য ও অগ্রাধিকার দেয়া হবে।	**ঢাকা বিভাগঃ** ঢাকা, নারায়নগঞ্জ, মুন্সিগঞ্জ, গোপালগঞ্জ, মাদারীপুর, শরিয়তপুর, ফরিদপুর, রাজবাড়ী, নরসিংদী, গাজীপুর। **ময়মনসিংহ বিভাগঃ** ময়মনসিংহ, জামালপুর। **রাজশাহী বিভাগঃ** পাবনা, নাটোর, বগুড়া। **খুলনা বিভাগঃ** বাগেরহাট, সাতক্ষীরা, যশোর, ঝিনাইদহ, নড়াইল , মাগুরা, মেহেরপুর। **সিলেট বিভাগঃ** সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার। **চট্টগ্রাম বিভাগঃ** কক্সবাজার, ফেনী, চাঁদপুর, কুমিল্লা, নোয়াখালী, ব্রাহ্মনবাড়িয়া। **বরিশাল বিভাগঃ** ভোলা, বরগুনা, পিরোজপুর।

(ক) উপর্যুক্ত ছকের ৬ নং কলামে উল্লিখিত জেলাভিন্ন অন্য জেলাসমূহের বাসিন্দাদের আবেদনের প্রয়োজন নেই।

(খ) আবেদনকারীকে সরকার নির্ধারিত "সরকারি দপ্তরের শূন্যপদে নিয়োগের জন্য চাকরির আবেদনের মডেল ফরম" অনুযায়ী ১ (এক) পাতায় পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত ছবিসহ আবেদন করতে হবে। আবেদনপত্রের নমুনা http://www.forms.gov.bd এবং মৎস্য অধিদপ্তরের ওয়েব সাইটে www.fisheries.gov.bd পাওয়া যাবে। খামের উপরে স্পষ্টাক্ষরে পদের নাম, নিজ জেলা উল্লেখ করতে হবে এবং মুক্তিযোদ্ধা ও উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে খামের উপর "মুক্তিযোদ্ধা/উপজাতি" লিখতে হবে। আবেদনপত্রের সাথে সত্যায়িত এইচ. এস. সি. পাশের মার্কসিট সংযুক্ত করতে হবে।

(গ) ১০/০১/২০১৭ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা কোটাপ্রার্থী এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেফিট গ্রহণযোগ্য নয়।

(ঘ) সরকারি/আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় চাকুরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং আবেদনপত্র জমা দেয়ার নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছাতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।

(ঙ) মুক্তিযোদ্ধা কোটাসহ অন্যান্য সকল কোটা সরকারি বিধি মোতাবেক অনুসরণ করা হবে।

(চ) লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।

(ছ) আবেদনপত্র ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে নির্ধারিত তারিখের নির্দিষ্ট সময়ের মধ্যে পৌঁছাতে হবে। সরাসরি বা হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

(জ) অসম্পূর্ণ/ ত্রুটিপূর্ণ দরখাস্ত বা নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(ঝ) উপর্যুক্ত ছকের ৪ নং কলামে উল্লেখিত পদসংখ্যা বৃদ্ধি হতে পারে।

(ঞ) আবেদনকারীকে প্রকল্প পরিচালক, ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা-১০০০ বরাবর আবেদন করতে হবে।

(ট) আবেদনপত্র আগামী ১০/০১/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন (বেলা ৫.০০ ঘটিকার মধ্যে) প্রকল্প পরিচালক, ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়), মৎস্য অধিদপ্তর, কক্ষ নং- ৬১৫, মৎস্য ভবন, ১৩ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, রমনা, ঢাকা-১০০০ ঠিকানায় পৌঁছাতে হবে।

(ঠ) কর্তৃপক্ষ যে কোন অথবা সকল আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৯/১২/১৬
(জোয়াদ্দার মোঃ আনোয়ারুল হক)
প্রকল্প পরিচালক
টেলিফোন নম্বর: ০২-৯৫১৩৫০৭
ই-মেইল: anwarulhaque35@yahoo.com

পত্র নং-৩৩.০২.০০০০.৯০৭.১০.০০২.১৫-২২০৪ তারিখ: ১৯/১২/২০১৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১। সচিব, মৎস্য প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, ঢাকা।
৩। পরিচালক (অভ্যন্তরীণ), মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, ঢাকা/পরিচালক, সামুদ্রিক মৎস্য দপ্তর, সিজিও বিল্ডিং নং-১, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৪। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ/মৎস্য জরিপ পদ্ধতি, মৎস্য ভবন, ঢাকা।
৫। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, সামুদ্রিক মৎস্য জরীপ ব্যবস্থাপনা ইউনিট, সিজিও বিল্ডিং নং-২, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৬। উপপরিচালক, প্রশাসন/অর্থ ও পরিকল্পনা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৭। সহকারী পরিচালক, আইটি শাখা, মৎস্য অধিদপ্তর, ঢাকা। [মৎস্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো]।
৮। বিজ্ঞাপন ম্যানেজার, "দৈনিক ইত্তেফাক", ৪০, কাওরান বাজার, ঢাকা। বিজ্ঞপ্তিটি স্বল্প পরিসরে ২০/১২/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে একদিন প্রকাশের জন্য অনুরোধ করা হলো। এতদসংক্রান্ত বিল বিদ্যমান সরকারি বিধি মোতাবেক পরিশোধ করা হবে।
৯। বিজ্ঞাপন ম্যানেজার, "দৈনিক ডেইলী স্টার" ৬৪-৬৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা-১২১৫। বিজ্ঞপ্তিটি স্বল্প পরিসরে ২০/১২/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে একদিন প্রকাশের জন্য অনুরোধ করা হলো। এতদসংক্রান্ত বিল বিদ্যমান সরকারি বিধি মোতাবেক পরিশোধ করা হবে।
১০। নোটিশ বোর্ড (সকল), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
১১। সংশ্লিষ্ট নথি।

১৯/১২/১৬

প্রকল্প পরিচালক
টেলিফোন নম্বর: ০২-৯৫১৩৫০৭
ই-মেইল: anwarulhaque35@yahoo.com